পাবনার ১৬টি ইউনিয়নে নির্বাচিত হলেন যারা

ফাইল ফটো

পাবনা জেলা প্রতিনিধি: পাবনা সদর ও চাটমোহর উপজেলার ১৬টি ইউনিয়ন পরিষদের নির্বাচন শনিবার (৪ জুন) সম্পন্ন হয়েছে। নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিত প্রার্থী ১০টিতে, বিএনপি সমর্থিত প্রার্থী ১টিতে এবং স্বতন্ত্র প্রার্থী ৫টিতে বেসরকারীভাবে বিজয়ী হয়েছেন।

সদর উপজেলার ১০টি ইউনিয়নে যারা বেসরকারীভাবে চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন তারা হলেন চরতারপুর ইউনিয়নে রবিউল ইসলাম টুটুল (নৌকা), আতাইকুল ইউনিয়নে খন্দকার আতিয়ার হোসেন (নৌকা), ভাড়ারা ইউনিয়নে আবু সাইদ খান (নৌকা), গয়েশপুর ইউনিয়নে মোতাহার হোসেন মোতাই (নৌকা), দাপুনিয়া ইউনিয়নে আব্দুল লতিফ ঠান্টু (নৌকা), মালঞ্চি ইউনিয়নে আব্দুল আলিম (নৌকা), দোগাছী ইউনিয়নে আলী হাসান (স্বতন্ত্র), হেমায়েতপুর ইউনিয়নে আলাউদ্দিন মালিথা (স্বতন্ত্র), সাদুল্লাপুর ইউনিয়নে আব্দুল কুদ্দুস মুন্সি (স্বতন্ত্র), মালিগাছা ইউনিয়নে শরিফ (স্বতন্ত্র)।

চাটমোহর উপজেলার ৬টি ইউনিয়নে যারা বেসরকারীভাবে চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন তারা হলেন গুনাইগাছ ইউনিয়নে নুরুল ইসলাম (নৌকা), ছাইকোলা ইউনিয়নে নজরুল ইসলাম (নৌকা), হরিপুর ইউনিয়নে মকবুল হোসেন(নৌকা), নিমাইচড়া কামরুজ্জামান খোকন নৌকা), হান্ডিয়াল ইউনিয়নে জাকির হোসেন (স্বতন্ত্র), বিলচলন ইউনিয়নে মোহম্মদ আলী (ধানের শীষ)।